



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
আইইবি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা), রমনা, ঢাকা-১০০০
ওয়েবসাইট: www.berc.org.bd

নং-২৮.০১.০০০০.০১২.১৭.০০২.২৬.১৮৩০

তারিখ: ০৬ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১৯ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

**এলপিগি আমদানির জাহাজভাড়া ও ট্রেডারের প্রিমিয়াম চার্জ এবং ডিজেলের মূল্য পরিবর্তন বিবেচনায়
ভোক্তাপর্যায়ে বেসরকারি এলপিগি ও অটোগ্যাসের মূল্য সমন্বয় বিজ্ঞপ্তি।**

০২ এপ্রিল তারিখে সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৭৫০ মার্কিন ডলার ও ৮০০ মার্কিন ডলার এবং প্রোপেন ও বিউটেনের অনুপাত ৩৫:৬৫ অনুযায়ী প্রোপেন ও বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৭৮২.৫০ মার্কিন ডলার এবং জাহাজভাড়া ও ট্রেডারের প্রিমিয়াম প্রতি মেট্রিক টন ১২০.০০ মার্কিন ডলার বিবেচনায় এপ্রিল ২০২৬ মাসের জন্য বেসরকারি এলপিগি'র মূল্যহার সমন্বয় করা হয়। মধ্যপ্রাচ্যের যুদ্ধ পরিস্থিতিতে হরমুজ প্রণালি সংকট, মধ্যপ্রাচ্য অঞ্চলে এলপিগি'র জাহাজ চলাচল বন্ধ হওয়া, বিকল্প পথে/ উৎস হতে এলপিগি আমদানিতে সময় ও জ্বালানি খরচ বৃদ্ধিসহ বিমা ও নিরাপত্তা ব্যয় বৃদ্ধি পাওয়ায় এলপিগি সরবরাহ পরিস্থিতি স্বাভাবিক রাখতে এলপিগি আমদানির জাহাজভাড়া ও ট্রেডারের প্রিমিয়াম চার্জ প্রতি মেট্রিক টন ২৫০.০০ মার্কিন ডলার বিবেচনায় এপ্রিল ২০২৬ মাসে অন্তর্বর্তীকালীন সময়ের জন্য বেসরকারি এলপিগি ও অটোগ্যাসের ভোক্তাপর্যায়ে মূল্য নিম্নবর্ণিতভাবে সমন্বয় করা হলো:

(ক) বেসরকারি এলপিগি'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মুসকসহ মূল্য প্রতি কেজি ১৬১.৬৬ টাকায় এবং বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিগি'র ভোক্তাপর্যায়ে মুসকসহ মূল্য নিম্নরূপভাবে সমন্বয় করা হলো:

বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিগি'র ভোক্তাপর্যায়ে অন্তর্বর্তীকালীন সমন্বয়কৃত মূল্য, এপ্রিল-২০২৬


বিবরণ	বোতলজাতকৃত এলপিগি'র পরিমাণ ও মূল্য												
বোতলজাতকৃত এলপিগি'র পরিমাণ	৫.৫ কেজি	১২ কেজি	১২.৫ কেজি	১৫ কেজি	১৬ কেজি	১৮ কেজি	২০ কেজি	২২ কেজি	২৫ কেজি	৩০ কেজি	৩৩ কেজি	৩৫ কেজি	৪৫ কেজি
রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে বিক্রয়মূল্য (মুসকসহ)	৮৮৯ টাকা	১,৯৪০ টাকা	২,০২১ টাকা	২,৪২৫ টাকা	২,৫৮৭ টাকা	২,৯১০ টাকা	৩,২৩৩ টাকা	৩,৫৫৭ টাকা	৪,০৪২ টাকা	৪,৮৫০ টাকা	৫,৩৩৫ টাকা	৫,৬৫৮ টাকা	৭,২৭৫ টাকা

(খ) রেটিকুলেটেড পদ্ধতিতে (i) তরল অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিগি'র ভোক্তাপর্যায়ে মুসকসহ মূল্য প্রতি কেজি ১৫৭.৯১ টাকায় এবং (ii) গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিগি'র ভোক্তাপর্যায়ে মুসকসহ মূল্য প্রতি লিটার ০.৩৫১০ টাকায় বা প্রতি ঘনমিটার ৩৫১.০০ টাকায় সমন্বয় করা হলো।

(গ) ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মুসকসহ মূল্য প্রতি লিটার ৮৯.৫০ টাকায় সমন্বয় করা হলো।

- সমন্বয়কৃত উক্ত মূল্য ০৬ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ/ ১৯ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।
- ২৩ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/০৬ অনুযায়ী সরকারি এলপিগি'র ডিলার/রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূল্যহার প্রতি ১২.৫০ কেজি ৭৭৬.৯৩ টাকা অপরিবর্তিত থাকবে।
- প্রত্যেক এলপিগি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সি এলপিগি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মুসক-উত্তর/মুসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিগি বিক্রয় করবে এবং সে অনুযায়ী মুসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।
- কোনো পর্যায়ে (এলপিগি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে এলপিগি (বোতলজাতকৃত এবং রেটিকুলেটেড সিস্টেমের মাধ্যমে সরবরাহকৃত)/অটোগ্যাস বিক্রয় করা যাবে না।
- ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/ ১০ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ এর অন্যান্য আদেশ ও নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
- বিস্তারিত মূল্য সমন্বয় আদেশ (বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/১৩) কমিশনের ওয়েবসাইট www.berc.org.bd এ পাওয়া যাবে।

কমিশনের আদেশক্রমে,


মোঃ নজরুল ইসলাম সরকার

সচিব, বিইআরসি।

ফোন: ০২-২২৬৬৪০৯০৫